ফেন্সিডিলের বিকল্প ওয়েলসিয়ারেক্স! মুজিবনগরে ২৭ বোতল ওয়েলসিয়ারেক্স সহ আটক দুই

নতুন মাদক ওয়েলসিয়ারেক্স। যা ফেন্সিডিল এর বিকল্প হিসেবে ব্যবহার করছে মাদকসেবীরা। জানা গেছে সীমান্তবর্তী এলাকায় প্রশাসনের কঠোর তৎপরতায় কোনঠাসা মাদক ব্যবসায়ীরা। যে কারণে ফেন্সিডিলের দাম আকাশ ছোঁয়া। আর এই সুযোগ কাজে লাগিয়ে ফেন্সিডিলের বিকল্প হিসেবে আসছে
ওয়েলসিয়ারেক্স। গতকাল মঙ্গলবার রাতে মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামে অভিযান চালিয়ে ২৭ বোতল ওয়েলসিয়ারেক্সসহ দু’জনকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল। আটককৃতরা হলো চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার জগন্নাথপুর গ্রামের ছদর উদ্দিনের মেয়ে মোছাঃ মুক্তি খাতুন (৩২) ও মেহেরপুর সদর উপজেলার গোভীপুর উত্তরপাড়ার আমিরুল ইসলামের ছেলে মোঃ শাহীন হোসেন (৩০)। ডিবি পুলিশের ওসি জুলফিকার আলী জানান, গোপন সংবাদে জানতে পারি মুজিবনগর উপজেলার মহাজনপুর এলাকা দিয়ে মাদক পাচার হচ্ছে
এমন সংবাদের ভিত্তিতে পুলিশ সুপার জনাব এস এম মুরাদ আলি স্যারের নির্দেশনা মোতাবেক এস আই (নিঃ) মুক্ত রায় চৌধুরী, পিপিএম এর নেতৃত্বে এএসআই (নিঃ) মাহাতাব উদ্দিন, এএসআই (নিঃ) ইব্রাহিম বিশ্বাস ও সঙ্গীয় ফোর্স সহ মহাজনপুর এলাকায় অভিযান চালিয়ে মোছাঃ মুক্তি খাতুন ও মোঃ শাহীন নামের দু’জনকে আটক করা হয়। এসময় তাদের কাছ থেকে ২৭ বোতল কোডিন ফসফেটযুক্ত মাদকদ্রব্য ওয়েলসিয়ারেক্স ও একটি পাখিভ্যানসহ আটক করা হয়। তাদের বিরুদ্ধে মুজিবনগর থানায় নিয়মিত মামলা রুজু হইয়াছে। উক্ত আসামীদের বিরুদ্ধে আরও মামলা বিচারাধীন আছে।

কুষ্টিয়ায় দেড় মাসের শিশুর করোনা শনাক্ত

কুষ্টিয়ায় দেড় মাস বয়সী শিশুর দেহে করোনা শনাক্ত হয়েছে। বর্তমানে শিশুটিকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালের করোনা ডেডিকেটেড হাসপাতালের ওয়ার্ডে চিকিৎসাধীন আছে। শিশুটির নাম প্রিন্স। কুষ্টিয়া বড় স্টেশন এলাকার আকাশে আলির ছেলে।

হাসপাতাল সুত্রে জানা যায়, গত সোমবার ঠান্ডা জ্বর নিয়ে আকাশ আলী শিশুটিকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিয়ে যায়। এরপর বিকেলে শিশুটিকে হাসপাতালের শিশু ওয়ার্ডে ভর্তি করে। পরে নমুনা সংগ্রহ করে টেস্ট করালে মঙ্গলবার দুপুরের দিকে পজেটিভ রিপোর্ট আসে। ব

র্তমানে শিশুটিকে শিশু ওয়ার্ড থেকে করোনা ওয়ার্ডে স্থানান্তর করা হয়েছে। শিশুটির পিতা আকাশ আলী জানান, কয়েকদিন যাবত ঠান্ডা জ্বরে ভুগছিল। গতকাল তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে শিশু ওয়ার্ডে ভর্তি করি। নমুনা সংগ্রহের পর তার দেহে করোনা পজিটিভ সনাক্ত হয়েছে।

এবিষয়ে করোনা ওয়ার্ডে দায়িত্বে থাকা ডাঃ ইফেতখার হাসান জানান, কুষ্টিয়ায় এই প্রথম দেড় মাসের শিশুর দেহে করোনা সনাক্ত হয়েছে। বর্তমানে শিশুটিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালের করোনা ওয়ার্ডে রাখা হয়েছে।

দামুড়হুদায় এডিপির প্রকল্প পরিদর্শন করলেন ইউএনও দিলারা রহমান

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নে এডিপির প্রকল্প পরিদর্শন করলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান। মঙ্গলবার

দুপুরে কুড়ুলগাছি ইউনিয়নের বিভিন্ন এলাকার এডিপির প্রকল্প পরিদর্শন করলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

এসময় উপস্থিত ছিলেন কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান শাহ্ মোঃ এনামুল করীম ইনু। অপরদিকে এডিপি প্রকল্পের কালভার্ট, রাস্তা সহ বেশ কিছু অসম্পূর্ণ কাজ দ্রুততার সাথে সম্পন্ন করার নির্দেশনা দেন।

এসময় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, বর্ষা মৌসুমে জনগনের চলাচল সহ যে কোন সমস্যা আমরা দ্রুুততার সাথে সমাধান করবো। বর্তমান সরকারের অঙ্গিকার বাস্তবায়নে আমরা সকল সময় নিরলস ভাবে কাজ করে চলেছি।

ঝিনাইদহে কঠোর লকডাউন শুরু, নতুন আক্রান্ত ৩০, মৃত্যু-১

ঝিনাইদহে নতুন করে আরও ৩০ জন করোনায় আক্রান্ত হয়েছে। ২৪ ঘন্টায় ৬৩ জনের নমুনা পরীক্ষা করে ৩০ জনের ফলাফল পজেটিভ এসেছে। আক্রান্তের হার ৪৭ দশমিক ৬১ ভাগ।

সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, সকালে ঝিনাইদহ ল্যাব থেকে আসা নমুনার ফলাফলে এ তথ্য জানা গেছে। এনিয়ে জেলায় মোট আক্রান্ত রোগির সংখ্যা দাড়ালো ৩ হাজার ৪’শ ২১ জনে। এছাড়াও ২৪ ঘন্টায় কনোরায় আক্রান্ত হয়ে মারা গেছে ১ জন।

মোট মৃত্যুর সংখ্যা ৭১ জন। এদিকে করোনার সংক্রমন প্রতিরোধে আজ সন্ধ্যা ৬ টা থেকে আগামী ৩০ জুন মধ্যরাত পর্যন্ত জেলাব্যাপী লকডাউন ঘোষণা করেছে জেলা প্রশাসন।

গত সোমবার রাত সাড়ে ১১ টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে করোনা প্রতিরোধে এক জরুরী সভায় এ সিন্ধান্ত নেওয়া হয়। জেলা প্রশাসক মজিবর রহমান জানান, মঙ্গলবার সন্ধ্যা ৬ টা থেকে আগামী ৩০ জুন মধ্যরাত পর্যন্ত লকডাউন চলবে।

এসময় বন্ধ থাকবে দোকানপাট, মার্কেট, শপিংমল, হোটেল-রেস্তোরা ও বন্ধ থাকবে গণপরিবহণ। তবে খোলা থাকবে ঔষধের দোকান। জরুরি প্রয়োজন ছাড়া বাড়ির বাইরে বের হওয়া যাবে না। বাইরে বের হলে অবশ্যই মাস্ক পরিধান করে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। লকডাউন কার্যকরে শহরের বিভিন্ন স্থানে পুলিশের পক্ষ থেকে চেকপোস্ট বসানো হয়েছে।

আলমডাঙ্গায় ফাঁড়ি পুলিশের অভিযানে ৫ মাদকসেবী আটক, মোবাইল কোর্টে জরিমানা

আলমডাঙ্গায় ঘোলদাড়ি ফাঁড়ি পুলিশ অভিযান চালিয়ে পাইকপাড়া থেকে ৫ মাদকসেবীকে আটক করেছে। গত সোমবার রাত ৯ টার দিকে পাইকপাড়া মাঠ থেকে তাদের আটক করে। মঙ্গলবার আটকৃত ৫ জনকে মোবাইল কোর্টের মাধ্যমে ৫ শত টাকা করে জরিমানা করেছে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার আইলহাঁস ইউনিয়নের রায়লক্ষিপুর গ্রামের কাসেম আলির ছেলে খোকন (২৮), ঘোলদাড়ি গ্রামের জাহাঙ্গীর হোসেনের ছেলে রাজিব (২৩), হোসেনপুর গ্রামের জাকির হোসেনের ছেলে মামুন হোসেন (১৮), ছের আলির ছেলে হিরণ (২৪), হামিদুল ইসলামের ছেলে রকি (২১)।

গত সোমবার ৫ যুবক রাতে পাইকপাড়া মাঠের মধ্যে গাঁজা সেবন করছিলো। ঘোলদাড়ি ফাঁড়ি পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করলে তাদের আটক করে। আটকৃত ব্যক্তিদের নিকট থেকে মাদকদ্রব্য সেবনের সরাঞ্জাম উদ্ধার করে। ঘোলদাড়ি ফাঁড়ি পুলিশ তাদের রাতেই আলমডাঙ্গা থানা পুলিশের নিকট হস্তান্তর করে।

মঙ্গলবার সকাল ১০ টার দিকে আলমডাঙ্গা সহকারি কমিশনার ভূমি হুমায়ন কবিরের নিকট নিলে তাদের প্রত্যেককে ৫ শত টাকা করে ২৫ শত টাকা জরিমানা করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বনজ ও ঔষধী গাছের মোট ২৪০০ চারা বিতরণ করা হচ্ছে। বৃক্ষরোপণ অভিযানের আনুষ্ঠানিক উদ্বোধনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আনসার ভিডিপি’র উপপরিচালক ও ঝিনাইদহ জেলা কমান্ড্যান্ট মোঃ আশিকউজ্জামান। প্রধান অতিথি উপস্থিত ইউনিয়ন দলনেতা দলনেত্রীদের হাতে গাছের চারা তুলেদেন। এসময় আরো উপস্থিত ছিলেন সদর উপজেলা আনসার ভিডিপি কর্মকতা মোঃ ফরহাদ, ট্রেনিং ইন্সট্রাক্টর সোনালী খাতুন ও সাগর হোসেন সহ বাহিনীর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও সদস্যবৃন্দ।

ঝিনাইদহে জোড়া পুকুর থেকে লাশ উদ্ধার

ঝিনাইদহ শহরের ব্যাপারীপাড়া জোড়াপুকুর থেকে জামাল বিহারী (৬০) নামের এক বৃদ্ধের লাশ উদ্ধার করেছে পুলিশ।
মঙ্গলবার সকালে লাশটি উদ্ধার করা হয়। জামাল বিহারী শহরের কাঠালতলা এলাকার মৃত লিয়াকত বিহারীর ছেলে।
ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, সকালে পুকুরে লাশ ভাসতে দেখে পুলিশে খবর দেয় স্থানীয়রা। পরে পুলিশ ও ফায়ার সার্ভিস ঘটনাস্থল থেকে ওই ব্যক্তির লাশটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠায়। তবে মৃত্যুর সঠিক কারণ তাৎক্ষনিক জানাতে পারেননি তিনি।
মৃত ব্যক্তির বোন ডলি বিহারী বলেন, আমার ভাই একটু পাগল পাগল ছিল। বাড়িতে থাকতো না। শহরে ঘুরে ঘুরে কাগজ কুড়াতো। কিভাবে মারা গেল পুলিশ তার তদন্ত চালাচ্ছে।

মেহেরপুর জেলা পরিষদের মাস্ক, সাবান হ্যান্ডওয়াস ও স্যানিটাইজার বিতরণ

করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে মেহেরপুর পৌর শহরের কলেজ মোড়, গরু হাট এলাকায় মাস্ক, হ্যান্ড হ্যান্ড স্যানিটাইজার, হ্যান্ডওয়াশ ও সাবান বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার বিকেলে মেহেরপুর কলেজ মোড় ও গরুহাট এলাকায় স্থানীয় ও পথচারী বিভিন্ন শ্রেণি পেশার মানুষের মাঝে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, হ্যান্ডওয়াশ ও সাবান বিতরণ করা হয়। মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসূল উপস্থিত থেকে এসকল সামগ্রী বিতরণ করেন। এসময় তিনি বলেন,

বিশ্বের বহু দেশেই সংক্রমণ ঠেকানোর একটি জনপ্রিয় ব্যবস্থা হচ্ছে মাস্ক ব্যবহার। বিশেষ করে চীনে, যেখান থেকে করোনা ভাইরাস শুরু হয়েছে সেখানেও মানুষ বায়ুর দূষণের হাত থেকে বাঁচতে হরহামেশা নাক আর মুখ ঢাকা মুখোশ পরে ঘুরে বেড়ায়।

তিনি আরও বলেন

বর্তমানে করোনায় আক্রান্ত্র প্রায় ৪০ শতাংশ রোগীই উপসর্গহীন। এদের শরীরে ভাইরাস বাসা বাঁধলেও রোগ লক্ষণ ফুটে ওঠে না। মুশকিল হলো, এরা কিন্তু অন্যের মধ্যে রোগ ছড়িয়ে দিতে পারে। রোগের লক্ষণ থাকে না বলে এদের চিহ্নিত করাও কঠিন। আপনি বুঝতেও পারবেন না, সামনের মানুষটা উপসর্গহীন কি না! এই সমস্যা সমাধানে বাড়ির বাইরে পা দিলেই মাস্ক ব্যবহার করা জরুরি। করোনা মোকাবিলায় মাস্কের বিকল্প নেই। মাস্ক ছাড়া বাইরে বেরোলে করোনায় সংক্রমিত হওয়ার সম্ভাবনা অনেকাংশে বেড়ে যায়।
কখনোই মাস্ক নিয়ে আসতে ভুলবেন না, ঘর থেকে বেরুনো মানেই মুখে মাস্ক। অর্থনীতি ও জীবন চালিয়ে যেতে হবে, পাশাপাশি স্বাস্থ্যবিধিও মানতে হবে।
এসময় জেলা পরিষদের কর্মকর্তা কর্মচারীরা উপস্থিত ছিলেন।

বৃহস্পতিবার থেকে মেহেরপুরে ১৫ দিনের সর্বাত্মক লকডাউন

মেহেরপুরে করোনা সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় বৃহস্পতিবার থেকে ১৫ দিনের সর্বাত্মক লকডাউন ঘোষণা করা হয়েছে।

লকডাউন চলাকালীন সময়ে শুধুমাত্র জরুরী কাজে ব্যবহৃত ওষুধের দোকান ২৪ ঘন্টা খোলা রাখা যাবে। এছাড়া হোটেল রেস্তোরা সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৬টা, কাঁচাবাজার সীমিত সময়ের জন্য খোলা রাখা যাবে। এছাড়া পুরোপুরি বন্ধ থাকবে সকল ধরণের চায়ের দোকান, ইজিবাইক চলাচল, পাখি ভ্যান চলাচল । মোটরসাইকেলে শুধুমাত্র চালক একা চলাচল করতে পারবে। রিক্সাতে জরুরী প্রয়োজেনে এক জন যাত্রী চলাচল করতে পারবে।

আজ মঙ্গলবার বিকালে জেলা করোনা প্রতিরোধ কমিটির কমিটির এক জরুরী (জুম) সভায় এ সিদ্ধান্তের কথা জানান কমিটির সভাপতি ও জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে সভায় বক্তব্য দেন পুলিশ সুপার এস এম মুরাদ আলী, সিভিল সার্জন ডা. নাসির উদ্দীন, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক ইব্রাহীম শাহীন পৌর মেয়র আহমেদ আলী, সাংবাদিক ফজলুল হক মন্টু, আলামিন হোসেন, মাজেদুল হক মানিক, মেহেরপুর চেম্বার অব কমার্সের সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুল, মেহেরপুর ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু, হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল প্রমুখ।

প্রসঙ্গত, ইতমধ্যে মেহেরপুরে সন্ধ্যা ৬টা থেকে সকাল ১০টা পর্যন্ত লকডাউন চলছে। পুরোপুরি লকডাউন দেওয়া হয় জেলার তিনটি গ্রামকে। তবে এবার পুরো জেলার প্রতিটি গ্রামে এ লকডাউন কঠোরভাবে পালন করার আহবান জানানো হয়। জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, স্বেচ্ছাসেবকদের মাধ্যমে লকডাউন বাস্তবায়ন করা হবে। এছাড়া বিজিবি ও আনছার সদস্যদের লকডাউন বাস্তবায়নে মাঠে নামানোর চিন্তাও করা

□□□□□□